NIS ১.৩ ও ১.২ (১ম কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ১ম কোয়ার্টারের বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | শ্যাম কিশোর রায়<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৯-০৮-২০২১ খ্রি: |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট"ক" |

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মহামারী করোনা ভাইরাস প্রতিরোধকল্পে সকলকে ঘরের বাইরে মাস্ক ব্যবহার এবং সামাজিক দুরত্ব মেনে চলার নির্দেশ প্রদান করেন। সরকারি নির্দেশনা মেনে চলার জন্যও উপস্থিত সকলকে অনুরোধ করেন। অত:পর তিনি সভা পরিচালনার জন্য পরিচালক-প্রশাসনকে অনুরোধ করেন।

পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ১ম কোয়ার্টারে উল্লেখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।

তিনি আরও বলেন, ১.৪ এর শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহনের জন্য করোনা ভাইরাসের কারণে কর্মকর্তা কর্মচারীদের ২টি গ্রুপে ভাগ করে আগামী ০৫-০৯-২০২১ তারিখ থেকে প্রশিক্ষণ গ্রহনের ব্যবস্থা করা হয়েছে।

১.৫ এর কর্ম-পরিবেশ উন্নয়ন এর বিষয়ে কমিটি গঠন করা হয়েছে । কমিটিকে নির্ধারিত তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য বলেন।

১.৭ এর ফিডব্যাক সভা ও ৩.২ এর উত্তম চর্চা বাস্তবায়নের লক্ষ্যে মতবিনিময় সভা আগামী ০২-০৯-২০২১ তারিখ অনুষ্ঠিত হবে।

৩.৪ এর জিআরএস সংক্রান্ত প্রশিক্ষণ আগামী মাসের ৩য় সপ্তাহে করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন।

২.১,২.২ ও ২.৩ এর বিষয়ে পরিচালক সম্পসারণ সভাকে অবহিত করেন। তিনি বলেন যে. আগামী মাসের ১ম সপ্তাহে PIC সভা অত্র বোর্ডে অনুষ্ঠিত হবে। আর PSC সভা মন্ত্রণালয়ে করা হয়।

২.৩ এর বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২৫% বাস্তবায়নে অর্থনৈতিক ও ভৌতিক অগ্রগতি দেখানোর জন্য মহাপরিচালক মহোদয় প্রকল্প পরিচালকদের নির্দেশনা প্রদান করেন।

২.৪ এ ২০২১-২০২২ অর্থ বছরে অত্র বোর্ডের কোন প্রকল্প সমাপ্ত হবে না মর্মে পরিচালক সম্প্রসারণ সভায় অবহিত করেন।

১.৫ এর বিষয় পরিচালক(প্রশাসন) সভায় অবহিত করেন যে, কোভিড -১৯ প্রতিরোধকল্পে কর্মকর্তা/কর্মচারীদের যে সব উপকরণ (মাস্ক, হ্যান্ড স্যানেটাইজার,হ্যান্ড ওয়াস,স্যাভলনসহ অন্যান্য) বিতরণ করা হয়েছে তার তালিকা প্রস্তুত করা হয়েছে। তিনি আরও বলেন, কোভিড আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য কুইক রেসপন্স টিম গঠন করা হয়েছে। প্রমানক হিসাবে প্রয়োজনীয় তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

নিম্নবর্ণিত তালিকায় উল্লেখিত কার্যক্রম যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।

| কার্যক্রমের নাম | বাস্তবায়নকারী বিভাগ/শাখা ও সময় |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ফোকাল পয়েন্ট (প্রশাসন বিভাগ) |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সকল বিভাগ/শাখা |

| | |
|---|---|
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশাসন বিভাগ(কমন সার্ভিস শাখা) |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | সকল বিভাগ/শাখা, (৩০-০৯-২০২১) |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ফোকাল পয়েন্ট, (১৭-১০-২০২১) |
| ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফোকাল পয়েন্ট, (০৭-০৯-২০২১) |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক,(৩০-০৯-২০২১) |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | প্রকল্প পরিচালক, ২টি |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | প্রকল্প পরিচালক, ২৫% |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্প পরিচালক |
| ৩.২ উত্তম চর্চা বাস্তবায়নের লক্ষ্যে মতবিনিময় সভা | প্রশাসন বিভাগ, ১টি |
| ৩.৩ বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, ভূমি/পৌরকর প্রদান | সংশ্লিষ্ট বিভাগ/শাখা |
| ৩.৪ জিআরএস সংক্রান্ত প্রশিক্ষণ | জিআরএস ফোকাল পয়েন্ট, ১টি |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন:( স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, নথি বিনষ্টকরণ ইত্যাদি) সংক্রান্ত বিবরণ: | সংশ্লিষ্ট বিভাগ,শাখা/ কমিটি (৩০-০৯-২০২১) |

উল্লিখিত বিষয়গুলো বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

শ্যাম কিশোর রায়
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২১.৩২৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/(অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উর্দ্ধতন পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৪) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৫) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

নম্বর ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২১.৩২০

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮
২৬ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২১-২২ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২১) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ২৯/০৮/২০২১ তারিখ বেলা ১২.৩০ টায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যদের স্বাস্থ্যবিধি মেনে (মাস্ক পরে, সামাজিক দুরত্ব বজায় রেখে) যথাসময় স্ব স্ব বিভাগের অগ্রগতি প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-৮-২০২১
সৈয়দ মোস্তাক হাসান
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
২) পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৩) পরিচালক, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৫) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৬) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৭) উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৮) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৯) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১০) পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১১) কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। সভা কক্ষ প্রস্তুতসহ আপ্যায়ন ব্যবস্থা রাখার জন্য বলা হলো।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

২৯-০৮-২০২১ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | জনাব এ কে এম আমিরুল ইসলাম<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | ২৯/৮/২০২১ |
| ২ | জনাব ড. এম এ মান্নান<br>পরিচালক (অর্থ ও পরিকল্পনা)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/০৮/২০২১ |
| ৩ | জনাব সৈয়দ মোস্তাক হাসান<br>পরিচালক (প্রশাসন)<br>ও সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/০৮ ২০২১ |
| ৪ | মোছা: নাছিমা খাতুন<br>পরিচালক (উৎপাদন ওবিপণন)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/০৮/২১ |
| ৫ | জনাব মোঃ এমদাদুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/০৮/২০২১ |
| ৬ | জনাব মৌসুমী জেরীন কান্তা<br>প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | 29-08-21 |
| ৭ | জনাব মোঃ লুৎফর রহমান তালুকদার<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/৮/২০২১ |
| ৮ | জনাব মোঃ আতিকুর রহমান<br>প্রধান সম্প্রসারণ কর্মকর্তা(অ:দা)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/৮/২০২১ |
| ৯ | জনাব মোঃ আবু তালেব<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/০৮/২০২১ |
| ১০ | জনাব মোঃ লুৎফর রহমান তালুকদার<br>নির্বাহী প্রকৌশল<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/৮/২১ |
| ১১ | জনাব শেখ মোঃ আব্দুল্লাহ আল কাফী<br>উপ প্রধান নিরীক্ষক(অ:দা:)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯/৮/২১ |
| ১২ | জনাব সুমন ঠাকুর<br>জনসংযোগ কর্মকর্তা<br>সদস্য সংশ্লিষ্ট কমিটি<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী। | ২৯.০৮.২০২১ |
| | | |